

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর  
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)  
শেরে বাংলা নগর, ঢাকা -১২০৭।  
[www.dgnm.gov.bd](http://www.dgnm.gov.bd)

নং-৪৫.০৩.০০০০.০০৫.০০১.২৩.০০১.১৮-

১০৬

তারিখ: ১০/০৯/১৪২৬  
১০/৯/২০১৯

সিনিয়র স্টাফ নার্স/ স্টাফনার্স বদলী নীতিমালা

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোর আওতায় নার্সিং কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধি, অভিজ্ঞতা অর্জন কর্মসম্পাদনের গতিশীলতা আনয়ন ও মান সম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক সিনিয়র স্টাফ নার্স/ স্টাফ নার্স বদলী নীতিমালা প্রনয়ন করা হলো।

বদলী সংক্রান্ত নীতিমালাঃ-

১. কর্মরত সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্সদের বিভিন্ন সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠান/জেলা ও উপজেলা হাসপাতাল এবং অন্যান্য বিভিন্ন শয্যা বিশিষ্ট হাসপাতালে বদলী করা হবে।
২. নব-নিয়োগকৃত নার্সিং কর্মকর্তাদের ক্ষেত্রে ০২ (দুই) বছরের শিক্ষানবিশকালে কোন প্রকার বদলি করা যাবে না।
৩. প্রথম সরকারী চাকুরীতে যোগদানের অন্তত পক্ষে ০২ (দুই) বছর পূর্ণ না হলে বদলীর আবেদন করতে পারবেন না।
৪. আবেদনের প্রেক্ষিতে বদলী করা হলে প্রার্থী কোন প্রকার টিএ,ডিএ প্রাপ্ত হবেন না।
৫. স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। স্থানীয় কর্তৃপক্ষের সুপারিশ ছাড়া আবেদন গ্রহণ যোগ্য হবে না।
৬. দুর্গম, হাওর ও দ্বীপ অঞ্চলের ক্ষেত্রে চাকুরীর বয়স এক (০১) বছর পূর্ণ হলে না হলে বদলীর আবেদন করতে পারবেন না।
৭. বদলীর ক্ষেত্রে সুপারিশ/তদবীর করা হলে সরকারী বিধি মালা অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।
৮. প্রথমবার বদলীর পর ০৩ (তিন) বছরের মধ্যে পরবর্তী বদলীর আবেদন করতে পারবেন না।
৯. সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ (০৩) তিন বারের বেশী বদলীর আবেদন করা যাবে না।
১০. নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন সময় যে কোন স্থানে প্রশাসনিক কারণে বদলী করতে পারবেন।
১১. স্বামী -স্ত্রী সরকারী চাকুরীজীবী হলে বিধি মোতাবেক পদ শূন্য থাকা সাপেক্ষে একই কর্মস্থলে যাওয়ার জন্য আবেদন করতে পারবেন।
১২. কোন নার্সিং কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোন প্রকার অভিযোগ উত্থাপিত হলে প্রাথমিক সত্যতার ভিত্তিতে বদলি সংক্রান্ত কমিটির সুপারিশক্রমে নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পূর্বেই মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারিকে প্রত্যাহার/বদলি করতে পারবে।
১৩. নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর নিজস্ব ক্ষমতাবলে প্রশাসনিক কারণে যে কোন সময় নার্সিং কর্মকর্তাসহ সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীকে যে কোন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে বদলি করতে পারবেন। তবে এ ক্ষেত্রে নীতিমালায় যাহাই থাকুক না কেন এরূপ বদলি ও পদায়নের ক্ষেত্রে স্বাস্থ্য সেবা বিভাগে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর নির্দেশনা/ পরামর্শ চূড়ান্ত বলে গণ্য হবে।
১৪. নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সকল বদলি সংক্রান্ত প্রজ্ঞাপন/ আদেশ/ পরিপত্র যথাসময়ে নিজস্ব ওয়েবসাইটে প্রকাশসহ মন্ত্রণালয়ে অনুলিপি প্রেরণ করতে হবে।
১৫. প্রশাসনিক কারণে বদলি করা হলে কোনক্রমেই পূর্বের কর্মস্থলে পুনর্বহাল করা হবে না।
১৬. যেকোন প্রতিষ্ঠানে ৬০% এর নীচে পদ শূন্য রেখে কোনক্রমেই কমিটি বদলির সুপারিশ প্রণয়ন করতে পারবে না।

আলম আরা বেগম  
(অতিরিক্ত সচিব)  
মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।  
ই-মেইল-[info@dgnm.gov.bd](mailto:info@dgnm.gov.bd)  
ফোন: ৯১৩৬৬৭৪

নং-৪৫.০৩.০০০০.০০৫.০০১.২৩.০০১.১৮-১৫৬/১(১০০)

তারিখ: ১৫/০১/১৪২৬  
৩০/১২/২০১৯

বিতরণঃ-

- ১। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল,.....।
- ৩। সিভিল সার্জন /তত্ত্বাবধায়ক,.....।
- ৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,.....।
- ৫। সেবা তত্ত্বাবধায়ক,মেডিকেল কলেজ হাসপাতাল,.....।
- ৬। সহকারী পরিচালক নার্সিং, পরিচালক স্বাস্থ্য এর কার্যালয়,.....।
- ৭। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস,.....।

শিগুরাজ্য চৌধুরী  
উপ-পরিচালক (নার্সিং)

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।